প্রার্থনার দু'হাতে সে ছবি উগ্র খাজুরাহো

ঢাকা

সুমন ধারা শর্মা

যাবজ্জীবন

রেডিয়োটা বেজে বেজে জানলার পাশে  
কাত হয়ে আছে  
উঠোন বলে এ বাড়িতে কিছু নেই  
জলের কল,  
প্রসঙ্গত, এ সময়ে জল আসে না  
ক্রিং ক্রিং কলিং বেলও বাজে না  
বউ মরে যাওয়ার পর থেকে  
শিল-নোড়ায় মশলা বাটা বন্ধ  
আস্তিন গুটিয়ে খুব বেশি হলে  
একটা ঝোল-ভাত

এখন রান্ধির ।  
জনমানবশূন্য গলি  
কুকুর ঘুরছে  
ব্রিজের আলোয় একটা ট্যাক্সি  
লাল শালুতে বলছে, সে বাড়ি যাবে  
লোকটা জানলার দিকে দেখছে  
বাইরে দেখার সাহস হয় না  
বাইরেটা পুড়ছে, ভেতরটাও  
এসব দ্ব্যর্থবোধক  
প্রয়োজনহীন  
তুঘলকি সড়ক প্রয়োজনহীন

একটা সিগারেট পুড়ছে  
স্যাম্পো গেঞ্জি ভিজে যাচ্ছে  
বিজ্ঞাপনের আলো নিভছে জ্বলছে  
মাথার ওপর দিয়ে অ্যারোপ্লেনও যাচ্ছে

বাইরে ঠাণ্ডা হাওয়া...

আমি বসে আছি ঘরের মধ্যে  
সমস্যাগুলো জলের ধারার মতো এদিকে সেদিকে  
সমাধানের কাছে পৌঁছে যাবে

এ সময়ে জানলার বাইরে রোয়াকে  
তিনটে কুকুর ঘুমোতে আসে  
তারা শান্তিতে ঘুমোয়  
আমি বিছানায় কুঁকড়ে থাকি  
যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামীর মতো

কলকাতা

মাহরুব মিত্র

সাপ ও শৈশব

তারপর বৃষ্টি এলো...  
ভিজে গেলো শস্যাগার  
ভিজে গেলো মধ্যদুপুরে উঠানে ধান,  
উড়ে গেলো মোরগ শালিক হাঁস কাক চিল;

যেখানে বাবার কবর উঠেছে—  
সেখানেই ছিলো জাম আর নারকেলের শৈশবকাল,  
আমরা রোদের মতো ছড়িয়ে-ছিটিয়ে থাকতাম  
মাছের মতন সাঁতার কাটতো স্মৃতি;

ভিজে-ভিজে বৃষ্টিতে হারিয়ে গেলো  
আমাদের প্রিয় সন্তানেরা,  
আর ফিরে এলো না মার্বেল, চডুইভাতির উল্লাস;  
ভিজা আঙিনায় অবিরাম সাপের মাতন।

ঢাকা

মোহাম্মদ জসিম

বীজতলাভোর

অশ্বখুর খুলে রাখো—যেভাবে মানুষ খুলে রাখে  
জুতো—  
বীজতলাভোর ফুটিয়েছে প্রশমুখী ফুল!  
অপরহুবোধ, হিম হাওয়া বয়ে আনা বনদাস  
সহিসের ছড়ি হাতে রাতভর জীবনের পিঠে পিঠে ওড়ে!

নখ খুলে রাখো—যেভাবে গোধূলি সূর্য খুলে রাখে;  
নিলোম বুকের কাছে দেখা যায় মৃত প্রেমিকাকে।

জলজের বোনগুলো

লিখলাম জলজ আর তার ছোট তিন বোনের গল্প—  
খালা ও থলের তর্কে আরো কিছু ভাবসম্প্রসারণ।

রোজগার বলতে এই দু'তিনটি বেলাজ দুপুর  
লুডুছকে লুটোপুটি টগরের জলটুপটাপ।

পোয়াতী পাথরে আছে অশ্লীল ছোঁয়াছুঁয়ি রোদ  
জলজেরা বলেছিলো—পৃথিবীটা সুখের গারদ!

বরিশাল

## সম্পাদকের জার্নাল/Editor's Journal

## ১. কবিতার কথা

আমি যখন কবিতা লিখি তখন শব্দের পরে শব্দ শুধু ওজন মেপেই বসাই না, কবিতাটির দাড়ি কমা সেমিকোলন হাইপেন এমড্যাস সব কিছুই রচনা করি; লিখি উপমা অনুপ্রাস চিত্রকল্প, ছন্দ এবং বানান। ফলত, এর কোনোটিকে কবিতা থেকে আলাদা করা যায় না। মানব দেশের যেমন প্রত্যেকটি প্রত্যঙ্গই সমান ভাবে কাজে লাগে, একটিও বাদ দিয়ে দেহটিকে পূর্ণ করা যায় না, আমার কবিতার ব্যাপারেও তাই। কোনোটিকে বাদ বা নতুন করে সাজানো যাবে না; হ্যাঁ, যদি সম্পাদনা করতে হয়, তবে সেটা আমাকেই করতে হবে। কারণ ওই কবিতার পুরোটা শরীর আমিই বুঝি, আর কেউ নয়। অন্যরা তাদের মতো করে বোঝেন, আমার মতো নয়। শব্দের ক্ষেত্রে যেমন আমি 'ভালবাসা' লিখি, 'ভালোবাসা' নয়। কারণ, ভালো থেকে আমি 'ভালবাসা'কে দেখি না। আমি দু'টি মনের মিল বা মিলন থেকে কিম্বা বস্তু বা সমষ্টির প্রতি আমার আন্তরিক আবেগ দিয়ে যে সম্মোহনী টান অনুভব করি সেটি 'ভালবাসা'—সে অবশ্যই 'ভালো' বানান থেকে পৃথক। তার আলাদা সত্তা রয়েছে।

## ২. নিরুদ্দেশ যাত্রা

ক.

তেইশ বছরের যুবক। ঢাকা বিশ্ববিদ্যালয়ে গণিতের তৃতীয় বর্ষের ছাত্র। ইতিমধ্যে ছাত্র-রাজনীতি ছেড়ে পুরোপুরি যুক্ত হয়েছেন শিশু সাহিত্য রচনায়। ঢাকার দৈনিকগুলোতে নিয়মিত ছড়া ছাপা হচ্ছে। এমনকি সপ্তাহের সাতদিনই কোনো না কোনো দৈনিকে তার লেখা আসছে। লিখে ফেলেছেন বেশ কয়েকটি গল্পও। 'জ্ঞান-বিজ্ঞান' নামে প্রতি সপ্তাহে এক দৈনিকে কলাম লেখা শুরু করেছেন। শহরের নিয়মিত শিশুসাহিত্য আড্ডায় পঠিত লেখার উপর আলোচনা করে কোনো কোনো লেখকের বিরাগভাজনও হয়ে উঠেছেন। রেডিওতে দুই কিস্তিতে ৫০টি গান জমা দিয়ে বিফল হয়েছেন, কিন্তু হাল ছাড়েননি। ঠিক এমন সময় তিনি উড়াল দিলেন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরের দিকে। না, উন্নত জীবনের জন্য নয়, বেঁচে থাকার তাগিদে, অনিশ্চিত ভবিষ্যতের হাতছানিতে। প্রথমে বেকারি শপ ও কাপড়ের দোকানে কাজ করলেও, একবছরের মধ্যে ভর্তি হলেন সিটি ইউনিভার্সিটি অব নিউইয়র্কের হান্টার কলেজে, সাথে সাথে কাজও পেয়ে গেলেন নিচের কোর্চের ছাত্রদের মেন্টর হিসেবে। এর মধ্যে শনি-রবি ট্যাক্সি চালিয়ে নিজের ও দেশে ছোট্টো বোনের একই বিশ্ববিদ্যালয়ে পড়ানোর খরচ চালানো, মাকে গ্রাম থেকে শহরে নিয়ে আসা সবই চললো। পেলেন কিউনি পাইপ লাইন স্কলারশিপ। বেচেলর ডিগ্রী শেষে আইবিএমএ চাকরির হাতছানি উপেক্ষা করে লেকচারার হিসেবে ঢুকলেন লাগুয়ার্ডিয়া কমিউনিটি কলেজে। এক বছরের মধ্যে কলেজের চাকরি ছেড়ে হাইস্কুল সিস্টেমে গণিতের শিক্ষক হিসেবে যোগ দিলেন। আইবিএমএর চাকরি উপেক্ষা করলেন কারণ তিনি জানেন লেখালেখিতে যুক্ত থাকতে হলে বইয়ের সঙ্গে থাকাটা জরুরি। ফলত, কবিতা ও সাহিত্যের অন্যান্য শাখা দিনের চরিত্র ঘটাই তার জীবনের অংশ হয়ে উঠলো। সেই যুবকের বয়স এখন পঞ্চাশ। ১২ সেপ্টেম্বর, ২০১৭ নিউইয়র্ক বাসের ২৭ বছর পূর্ণ হলো। তিনি এ-ও জানেন এতে

কারোই কিছু যায় আসে না, কিন্তু জীবন-বাস্তবতার এই ২৭টি বছর যুবকের জন্যে যথেষ্ট গুরুত্বপূর্ণ।

খ.

গত বছর এই দিনে আমি আপনাদের ২৩ বছরের এক যুবকের গল্প বলেছিলাম যার বয়স এখন পঞ্চাশ পেরিয়েছে এবং ২৮ বছর আগে ১২ সেপ্টেম্বর যখন তিনি নিউইয়র্কের কুইন্স শহরে পাড়ি দিয়েছিলেন তখন এই গোলাধারের মানুষ তো দূরে থাক একটি পাখিও চিনতেন না। যেখানে উঠেছিলেন, কদিন পরেই আবাসটি ছেড়ে তিনি ম্যানহাটনের ডাউনটাউনে এলেন স্ট্রিটের একটি ম্যাসে স্থান্তরিত হন। দোতলার দুই রুমের একটিতে তিন খাটে তিনজন ও অন্য একটি ছোট্টো রুমে একজন ষাটোর্ধ্ব ভদ্রলোক থাকতেন, যাকে সবাই ডাক্তার বলে সম্বোধন করতেন। সেখানেই তিনি প্রথম আমেরিকার মোটাতাজা ধাড়ি হুঁদের সাক্ষাত পেয়েছিলেন। রাতে পাইপ বেয়ে উঠে গৃহবাসীদের সম্ভ্রান্ত করে রান্নাঘরে দৌড়ে বেড়াতে। পরে অবশ্য আরো বিভিন্ন আকারের হুঁদুর প্রত্যক্ষ করার সুযোগ তার হয়েছে কিন্তু এমন স্বাস্থ্য সম্পন্ন সাহসীদের তিনি আর কখনো দেখেননি বললেই চলে, অতি সম্প্রতি আটলান্টিকের পাড়ে রকওয়ে সৈকতে রাতের নিশায়ামে পার্ক করে রাখা তার টয়োটা র‍্যাভ ফোর গাড়ির নিচে ছাড়া। চারজনের সেই এপার্টমেন্টে তিনি আরো প্রত্যক্ষ করেছিলেন একটি অযাচিত মৃত্যু, যাকে সত্যিকারেই মেনে নেয়া যায় না, এবং যা বেঁচে থাকা তিন আবাসিকের মনে মারাত্মক কাঁপন ধরিয়ে যায়। ভদ্রলোক আদতে পাশ করা কোনো ডাক্তার ছিলেন না, ৭১-এ আহত মুক্তিযোদ্ধাদের রনাজনে গুণ্ধা করতে করতে একসময় তিনি অকুতোভয় দেশমাতার বীর সেনাদের কাছে ডাক্তার সাবে পরিণত হন। বিজয় দিবসের কদিন আগে তিনি দেশে যাবেন বলে ঠিক করেন এবং তদানুযায়ী কেনাকাটা করে তাঁর ছোট্ট ঘরটি ভরে ফেলেন। কী যে প্রফুল্ল হয়ে ওঠেন তিনি তা স্বচক্ষে না দেখলে কেউ আঁচ করতে পারবেন না। সকালে তাঁর ফ্লাইট, রাতে যখন ঘরে ফিরলেন তখন অন্য তিনজন নৈশ ভোজরত। যদিও ডাক্তার আলাদা খেতেন, তথাপি তাঁকে হস্তদস্ত হয়ে ছুটে আসতে দেখে খেতে আহ্বান করলে তিনি রাতের খাবার সেরে এসেছেন জানিয়ে নিজের ঘরে ঢুকতেই অন্যরকম গোঙ্গনির শব্দ পেলেন তারা, এবং খাওয়া ফেলে যথারীতি দৌড়ে গিয়ে তাঁকে অচেতন অবস্থায় বিছানায় আবিষ্কার করলেন। মুখে একরাশ ফেনা। হাসপাতালে নেয়া হলো ঠিকই, কিন্তু বাসায় এম্বুলেন্স পৌঁছানোর আগেই ডাক্তার সাহেব পৃথিবী ছেড়ে চলে যান। দেশে তিনি পৌঁছেছিলেন, তবে শহীদ কাদরীর মতো লাশ হয়ে।

এই মর্মান্তিক ঘটনা প্রত্যক্ষ করার পর যুবক আর ওখানে থাকলেন না। সোজা গিয়ে উঠলেন ব্রুকলিনের বোরো পার্ক নামক ইহুদী অধ্যুষিত এলাকায় সদ্য ভাড়া নেয়া এক বাঙালীর বাসায়। এই বাঙালী ট্যাক্সি চালাতেন, কিন্তু তার আত্মস্মৃতি এতোই প্রখর ছিলো যে তিনি তার সামনে বাসার অন্যান্য ব্যাচেলার বর্ডারদের সোফায় বসতে দিতেন না। প্রথম দিনই অন্য দুই বর্ডার, যারা যুবকের প্রায় সমবয়সী, অকপটে জানিয়ে দিলেন যে ভুলেও যেনো যুবক এই কাজ না করে। তাদের ভাষায়, ওই ভদ্রলোক ছিলেন শিক্ষিত, আর শিক্ষিতদের সামনে অশিক্ষিতরা সোফায় বসতে পারে না, যদিও সুযোগ বুঝে ওই ট্যাক্সি চালক ভদ্রলোকই এই ভয়ংকর কাণ্ডজ্ঞানহীন বিদ্যা ওদের শিখিয়েছিলেন। একথা ঠিক যে অন্য যুবকদ্বয় দেশ থেকে একাডেমিক শিক্ষা গ্রহণ করে আসতে পারেনি, কিন্তু তারা কেউ অমানুষ ছিলেন বলে যুবকের মনে হয়নি। ফলে একই বাসার একজন বর্ডার সোফায় বসলে



অন্যরা কার্পেটে বসে তার কথা শুনবে, কিম্বা টিভি দেখবে, তা যুবক প্রথম দিন থেকেই মেনে নেননি এবং অন্য যুবকদেরও বুঝিয়েছেন এটা অন্যায়া।....সেই যুবকতো আর কেউ ছেলো না, এই অধমই অনেক চড়াই উৎড়াই পার করে ২৮টি বছর কাটিয়ে দিলো এই শহরে।

### ৩. স্বতন্ত্র ধারা অনুসরণ করে নতুন সনেটের বই

১৯৯৫ সালের ২৯ এপ্রিল আমি প্রথম স্বতন্ত্র সনেটটি লিখি। সেই থেকে এই তেইশ বছরে আমি লিখেছি ২২০টি স্বতন্ত্র সনেট। [স্বতন্ত্র সনেট, তৃতীয় সংস্করণ, ধ্রুবপদ, ঢাকা, ২০১৩] এই ফর্মটি উদ্ভাবনের আগেও আমি বেশ কিছু সনেট লিখেছি, সেগুলো পেট্রোকান ও শেক্সপিয়ারিয়ান ফর্মে, আবার কোনো কোনো সনেটে ফর্মও মানা হয়নি। তবে 'স্বতন্ত্র সনেট' লেখা শুরু করার পর এই ফর্মটিই আমি নিয়মিত অনুসরণ করেছি। বছর দশেক আগে ঢাকার এক তরুণ কবি, রবিউল মানিক, এই স্বতন্ত্র ধারায় বেশ কয়েকটি সনেট রচনা করে আমাকে চমকে দেয়। আমি আপ্ত হই, তাঁকে উৎসাহ দেই। শব্দগুচ্ছ পত্রিকায় বেশ কয়েকটি প্রকাশও করি। এর পর হঠাৎ করে এক ব্রিটিশ কবির একটি ইমেল বার্তা পাই, যার নাম ক্যারোলিন গিল। তিনি বলেন যে ফেসবুক ও অন্যান্য মাধ্যমে তিনি আমার এই নতুন ধারার সনেটের কথা জানতে পেরেছেন, তিনি ধারাটি অনুসরণ করে সনেট লিখতে চান। আমি তাঁকে এই ধারার নানা দিক বর্ণনা করার পর তিনি সেটি অনুসরণ করে ইংরেজীতে সনেট রচনা করেন এবং একটি ব্রিটিশ পত্রিকায় আমার কথা উল্লেখপূর্বক প্রকাশও করেন। আমি পরে তাঁর সনেটও শব্দগুচ্ছ-এ ছাপি। এরই মাঝে আমার সুহৃদ, প্রতিবেশী, কবি আনিসুর রহমান অপুও এই ধারায় সনেট রচনা শুরু করেন। তিনি দ্রুত বেশ কিছু সনেট লিখে ফেলেন। শব্দগুচ্ছ তাঁর সনেটও ছাপতে থাকে। কিন্তু কেউ একজন সনেট দ্বারা আক্রান্ত হলে তার যে পাগলের মতো অবস্থা হয়, যেমন একদা আমারও হয়েছিলো, অপূর সেই অবস্থাটি বুঝতে পারি। তিনি দ্রুততম সময়ে একশ'র উপরে সনেট লেখেন। ওদিকে আমার এক ছাত্রী স্কুল শেষে আমার থেকে শিখে নিয়ে স্বতন্ত্র ধারায় সনেট লেখা শুরু করে। কিন্তু অপূর সনেট সংখ্যা দ্রুত বেড়ে যায় এবং তিনি একজন প্রকাশকও পেয়ে যান। এই প্রকাশক আর কেউ নন, বাংলা বাজারের ধ্রুবপদ প্রকাশনীর আবুল বাশার ফিরোজ, যিনি আমার 'স্বতন্ত্র সনেট' গ্রন্থের তৃতীয় সংস্করণটি প্রকাশ করেছিলেন। আমার প্রবর্তিত এই স্বতন্ত্র ধারায় এ বছর (২০১৮) বইমেলায় অপূর একটি বইও বেরিয়ে গেছে, যেখানে স্থান পেয়েছে ১১২টি স্বতন্ত্র সনেট। আনিসুর রহমান অপু বইটি আমাকে উৎসর্গ করেছেন। আমি তাঁর কাছে কৃতজ্ঞ। তাঁকে অভিনন্দন জানাই। আশা করি আজকের তরুণরাও এই ধারায় সনেট রচনা করবেন, এবং ইটালিয়ান ও ইংলিশ ধারার পাশাপাশি এই ধরারটিকে বাংলা সনেটের ধারা হিসেবে বিবেচনা করবেন। সাত-সাতো স্তবক বিন্যাসের পর অন্তিমিলে থাকবে কথগঘকথগ গুচছগুচছ; তার মানে প্রথম-পঞ্চম, দ্বিতীয়-ষষ্ঠ, ও তৃতীয়-সপ্তম, আর প্রথম স্তবকের চতুর্থ লাইনের মিল থাকবে দ্বিতীয় স্তবকের চতুর্থ লাইনের সাথে। ছন্দের ক্ষেত্রে অক্ষরবৃন্তের আঠারো (আট-দশ বা দশ-আট) মাত্রায় পর্ব গঠিত হবে।

### ৪. 'মহাকাব্য'র অনুবাদ প্রসঙ্গে

কবিতা উৎসবে বা কাব্যপাঠের আসরে কতোজনের সাথেই তো পরিচয় হয়, কিন্তু কে কাকে মনে রাখবে? এমন সব মানুষের সাথে সাক্ষাৎ হয়, দু'তিন দিন তাদের সাথে এতো ভালো কাটে যে মনে হয় সারা জীবনের জন্যে বন্ধু হয়ে গেলাম। কিন্তু দু'চার দিন পরে সব আবার আগের মতো হয়ে যায়। সবাই-ই চলে যান আগের সেই অপরিচিত গণ্ডির মধ্যে। কিন্তু এবছর এক ব্যতিক্রমি ঘটনা ঘটলো। মে মাসে বস্টনের অদূরে সেলেম শহরে ম্যাসাচুসেটস কবিতা উৎসব থেকে ফেরার কয়েক দিনের মধ্যেই একটা ইমেল পেলাম। শিরোনাম, *আমি সেই হাসানআলকে খুঁজছি যিনি অন্যরকম সনেট লিখেছেন*। চিঠিতে তিনি জানতে চান আমার লেখা মানুষ ও মহাবিশ্বের খুঁটিনাটি নিয়ে মহাকাব্যিক গ্রন্থ [নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ (অনন্যা, ২য় সংস্করণ ২০১৭)] অনুবাদ হলো কি না। উত্তরে তাঁকে যতোই বুঝাই যে এই গ্রন্থের অনুবাদ এতো তাড়াতাড়ি হবার নয়, যে বই আমি বারোটি বছর ধরে লিখেছি তার অনুবাদ তো এতো সহজে দু'এক বছরে হবে না। তাছাড়া কোথায় পাবো আমি সেই অনুবাদক, যিনি আমার মতো একজন 'অচেনা' কবির এতোবড়ো বই অনুবাদ করতে রাজি হয়ে যাবেন! তদুপরি, এই কাজ তো যে কেউ করতেও পারবেন না! ক্লিন্টন বি সিলি, ক্যারোলিন রাইট, জ্যোতির্ময় দত্ত, কায়সার হক এঁরা কেউ চাইলে হয়তো কাজটি হবে। কিন্তু কেনো তাঁরা তা চাইতে যাবেন? যদিও জ্যোতির্ময় দত্ত, বইয়ের ২৬০টি এপিসোডের তিনটি একবার অনুবাদ করেছিলেন, এবং এই মুহূর্তে তিনি আমার ছোটো ছোটো কিছু কবিতা অনুবাদও করে দিচ্ছেন, কিন্তু তাঁর যে শারীরিক অবস্থা, তাতে তাঁকে আমি এই বই অনুবাদ করতে বলতে পারি না। ওদিকে গত সপ্তাহে আমার এই নতুন মার্কিনী বান্ধবির আরেকটি চিঠি পেলাম, আবরো জানতে চেয়েছেন বইটির অনুবাদ হলো কি না। তিনি পড়বেন বলে পণ করে বসে আছেন। আমি তাঁকে আবারও বিনয়ের সাথে জানালাম, অদূর ভবিষ্যতে কোনো সম্ভাবনা দেখছি না। কিন্তু আজ আমাকে তিনি অবাধ করে দিয়ে লিখেছেন যে বস্টনে তাঁর বাড়ির পাশে একঘর বাঙালি থাকেন। আমি চাইলে তিনি তাদের সাথে কথা বলতে পারেন। তাঁর ভাষায়, কাকতালীয় এই যোগাযোগ হয়তো একটি ভালো ফল এনে দিতে পারে। হায়, আমি কি করে তাঁকে বোঝাই, কবিতার অনুবাদ ওভাবে হয় না। যে কেউ তা করতেও পারেন না।

### ৫. দু'টি কবিতার অনুবাদ

এই [সেপ্টেম্বর, ২০১৮] সপ্তাহান্তে আমি দু'টি কবিতা অনুবাদের জন্যে দুশ' মাইল গাড়ি চাললাম। আর এক রাতের অতিথি হলো জ্যোতিদা ও মীনাঙ্কীদির। সম্প্রতি মীনাঙ্কীদির ছোটো বোন দয়মন্তি বসুর মৃত্যুতেও শোক-সমবেদনা জানানোর জন্যে গিয়েছিলাম বর্ষিয়ান এই দম্পতির বাড়ি নিউজার্সির অন্যপ্রান্তে প্রায় পেনসিলভেনিয়ার কাছাকাছি চেরি হিলে। বলা বাহুল্য, জ্যোতির্ময় দত্তের অনুবাদ খুবই উঁচু মানের। তবে ইদানীয়া তাঁর চোখে অসুবিধা হওয়ায় আমি কবিতা পড়ে শোনানোর পর তিনি অনুবাদ করছিলেন, এবং আমি তা আমার ল্যাপটপে তুলে নিচ্ছিলাম। একেকটা লাইন বার বার পড়া এবং তার ইংরেজী খুঁজে বের করা যথেষ্ট সময় সাপেক্ষ ব্যাপার তো বটেই। তাছাড়া, এই বিশিষ্ট লেখক দম্পতির সাথে আড্ডা দেয়া মানেও অনেকখানি সাহিত্যিক অভিজ্ঞতার ভেতর দিয়ে যাওয়া। মাঝে আমাদের আড্ডায় একঝলক যোগ দিয়েছিলেন তাঁদের পুত্রবধু কেসাং দত্ত ও একজন মার্কিনী প্রতিবেশী। দু'টি অনুবাদ ও অনেক মজার মজার অভিজ্ঞতা সাথে নিয়ে ফেরার

সময় দুই ঘণ্টার পথ ট্রাফিক জ্যামের কারণে চার ঘণ্টায় পাড়ি দিয়ে, হোটেল হিল্টনের সামনে বাংলাদেশের প্রধান মন্ত্রীর জন্যে উৎসুক প্রবাসীর ভিড় ও ৫৮ স্টিটে ট্রাম্প টাওয়ারের সামনে নিরাপত্তা জনিত কারণে রাস্তা বন্ধ দেখে সন্ধ্যায় বাড়ি পৌঁছলাম। কাল থেকে আবার কর্মজীবন।

## ৬. মার্কিন বিশ্ববিদ্যালয় গ্রন্থশালায় বাংলা বই

আমার তিনখানা দ্বিভাষিক কাব্যগ্রন্থ এবং অনূদিত বই দেড়শ'র উপরে মার্কিন বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে সংরক্ষিত আছে। এই সব বিশ্ববিদ্যালয়ের মধ্যে নিউইয়র্ক ইউনিভার্সিটি, কলম্বিয়া ইউনিভার্সিটি, ইয়েল ইউনিভার্সিটি, ব্রাউন ইউনিভার্সিটির, প্রিন্সটন ইউনিভার্সিটি, কর্নেল ইউনিভার্সিটিও রয়েছে। আছে লাইব্রেরি অব কংগ্রেজের সংগ্রহও, যেখানে আমার প্রকাশিত বইগুলোর উপর একটি ইলেকট্রনিক ফাইলও সংরক্ষিত আছে বলে জানা গেলো। 'ব্রুথ অব বেঙ্গল' (২০০০), 'আন্ডার দ্যা থিন লেয়ারস অব লাইট' (২০১৫) ও 'স্বতন্ত্র সনেট: বেঙ্গলি উইথ ইংলিশ ট্রান্সলেশন বাই দ্য অথর, (২০১৭)—এই বইগুলো প্রকাশের পর থেকেই অ্যামজন ডট কম, স্মলপ্রেস ডিসট্রিবিউশনসহ বেশ কিছু সাইটে পাওয়া যায়। উল্লিখিত তিনটি গ্রন্থই প্রকাশ করেছে ক্রস-কালচারাল কমিউনিকেশন, শেষ গ্রন্থটি যৌথভাবে ফেরল প্রেসের সাথে। আমার অনূদিত গ্রন্থগুলো হলো কবি ও বহুমাত্রিক লেখক হুমায়ুন আজাদের 'সিলেকটেড পয়েম্‌স' (বিভাস ২০১৪, ঢাকা) ও কবি নাজনীন সীমানের কবিতার বই 'হলোনেস অন দ্য হরাইজন' (ফেরল প্রেস ২০১৬, নিউইয়র্ক), ৩২জন বাংলাদেশের কবিকে নিয়ে আয়োজন 'পোয়টস অব বাংলাদেশ' (২০০৮)। অন্যদিকে, ইংরেজী, ফরাসি, পোলিশ, চাইনিজ, স্প্যানিশ, কোরিয়ান, ভিয়েতনামি ও গ্রিক মোট আটটি ভাষায় আমার কবিতা যাঁরা অনুবাদ করেছেন তাঁরা হলেন জ্যোতির্ময় দত্ত, নজরুল ইসলাম নাজ, পূর্ণিমা রায়, ধনঞ্জয় সাহা, সিদ্দীক এম রহমান, টমাস সবুরেজ, রেচল রে, কুয়াংছ্যা রে, ডেনিস মেয়ার, মারিয়া মিস্ট্রয়টি, শিলা আলসুলার, ও একক সৌবীর প্রমুখ। তাছাড়া এ পর্যন্ত ছয়টি বিশ্ব কবিতার অস্থলজিতে আমার কবিতা স্থান পেয়েছে।

## ৭. মহাপ্রস্থান

পরপর দু'দিনে আমরা দু'জন বড়ো মাপের লেখককে হারালাম। চলে গেলেন স্প্যানিশ ভাষার কবি, চিলির নিকানোর পাররা আর বাংলা ভাষার ঔপন্যাসিক, বাংলাদেশের শওকত আলী। নিকানোর পাররার বয়স হয়েছিলো ১০৩ বছর, অন্যদিকে শওকত আলী মারা গেলেন ৮২ বছর বয়সে। পাররার সাথে আমার কখনো দেখা হয়নি, কিন্তু তাঁর কবিতার সাথে আমি পরিচিত বহু বছর ধরে। 'বিশ্বকবিতার কয়েক ছত্র' নামে আমার অনুবাদ গ্রন্থ রয়েছে তাঁর কবিতা। তাছাড়া এবছর মাওলা ব্রাদার্স থেকে আমার প্রকাশিতব্য অনুবাদগ্রন্থ 'বিশ্বকবিতা সংগ্রহ'-এ বিশ্বের বিশজন কবির মধ্যে তিনিও আছেন। অন্যদিকে শওকত আলীর সাথে আমার দেখা হয়েছে বেশ কয়েকবার। একবার বাংলা একাডেমীতে মইনুল আহসান সাবেক ভাই ও তিনি একসাথে বের হচ্ছিলেন, সাবেক ভাই তখন ভোরের কাগজের সাহিত্য সাময়িকী সম্পাদনা করতেন এবং আমার বেশ কিছু কবিতা ছেপেছিলেন সেখানে। কথায় কথায় সেদিন শওকত আলী বলেছিলেন, "তোমার কবিতা আমি পড়েছি। কারো কোনো কথায় কান না দিয়ে তোমার মতো করে তুমি লিখে যাও।" শওকত আলী নিজেও

সারা জীবন তাঁর মতো করে লিখে গেছেন। কারো কথায় তিনিও কান করেননি। সাতচল্লিশ পরবর্তী বাংলা দেশের তিনটি উপন্যাসের কথা বললে সেখানে তাঁর 'প্রদোষে প্রাকৃতজন' অবশ্যই স্থান পাবে। এটিকে বিশ্বমাপের উপন্যাস বলে আমি মনে করি। যারা এখন উপন্যাসের নামে 'অপন্যাস' রচনা করেন, তাদের জন্যে শওকত আলী কিছু দৃষ্টান্ত রেখে গেছেন। তাঁর কবরের পাশে বসে ওইসব উপন্যাসিকেরা হয়তো ভাষাটাও শিখে নিতে পারবেন। অন্যদিকে নিকানোর পাররার খ্যাতি ছিলো বিশ্বজোড়া, তিনি একজন কিংবদন্তি পুরুষ। কবিতাকে তিনি বলতেন এন্ডি পেয়েটি বা প্রতি কবিতা। তিনি কবিতায় সরাসরি কথা বলার একটি ধারা তৈরি করেছিলেন, এবং যারপরনাই সফল হয়েছিলেন। তিনি তরুণদেরকে প্রতিষ্ঠান থেকে বেরিয়ে এসে আঙ্গিক ভাঙার কথা বলতেন। জানা যায়, তিনি একাধিকবার নোবেল পুরস্কারের জন্যে নমিনেশন পেয়েছিলেন। আমি নিকানোর পাররার কবিতা অনুবাদ করার সুযোগ পেলেও শওকত আলীর জন্যে কিছুই করতে পারিনি। কিন্তু ক'বছর আগে কোনো এক পুরস্কার কমিটির সম্মানিত একজন বিচারক আমার কাছে আজীবন সম্মাননা দেয়া যায় এমন লেখকের নাম জানতে চাইলে আমি তিনজনের নাম উল্লেখ পূর্বক বলেছিলাম, "নানা দিক বিবেচনা করে শওকত আলীকেই এবছর পুরস্কারটা দেয়া উচিত।" ভাবতে ভালো লাগছে সেবছর তিনি ওই পুরস্কারটি পেয়েছিলেন...এই দুইজন মহান লেখকের প্রতি গভীর শ্রদ্ধা জানাচ্ছি।

## ৮. অনুবাদকর্মের স্বীকৃতি

ইয়েল ক্লাবের ১৭ তলা থেকে কবিতাপাঠ শেষে নেমে এসে ট্রেনের দিকে পা বাড়াতোই দেখা হলো আরেক কবির সাথে যিনি অপেক্ষা করছিলেন ট্যাক্সির জন্যে। আমি হাত নেড়ে পুনর্বার বিদায় জানাতে তিনি জিজ্ঞেস করলেন, "আপনার জন্ম কি এদেশেই?" আমি কৌতুহলী হয়ে থমকে দাঁড়লাম, কারণ ২৭ বছরের মার্কিনী জীবনে অন্য অনেক প্রশ্নের সম্মুখীন হলেও এই প্রশ্নটি ছিলো একেবারে নতুন। আমি পাশ্চাত্য প্রশ্ন করলাম, "কেনো বলুন তো?" তিনি বললেন, "এতো চমৎকার অনুবাদ এখানে জন্ম না নিলে করা সম্ভব নয়! তাছাড়া কি চমৎকার পড়লেন আপনি!" কোরিয়ান এই কবির কথায় আমি শহর কাঁপানো অট্টহাসি দিয়ে বললাম, "আপনার এই মন্তব্যকে আমি গ্রেট কম্প্লিমেন্ট হিসেবে গ্রহণ করলাম।" সাথে সাথে মনে পড়লো ক'দিন আগে এক বাঙালী ফেসবুকে আমাকে ভর্ৎসনা করছেন এই বলে যে হাসানআল একজন মূর্খ, ইংরেজি লিখতে জানে না।

## ৯. সম্ভাবনার হাত-পা

আজ একটি মজার খবর এলো। আমার মার্কিন প্রকাশক, কবি স্ট্যানলি এইচ বারকান ইমেল জানালেন যে একটি পুরস্কার কমিটি থেকে আমার বই 'স্বতন্ত্র সনেট' চেয়ে পাঠানো হয়েছে। পুরস্কারটির নাম বেস্ট ট্রান্সলেশন এওয়ার্ড। পাঁচ সদস্য বিশিষ্ট পুরস্কার কমিটির সভাপতি তাঁকে লিখেছেন, "আপনি গত বছর একটি বই প্রকাশ করেছেন নাম, স্বতন্ত্র সনেট। আমরা আশা করেছিলাম এ বছর বিবেচনার জন্যে আপনি নির্ধারিত সময়ের মধ্যে বইটি পাঠাবেন। ৩১ ডিসেম্বর ছিলো বই পাঠানোর শেষ তারিখ। তবে আপনি যদি এখনও বইটি পাঠান, আমরা বাধিত হবো।" পুরস্কারের অর্থ মূল্য ১০ হাজার ডলার। এবং অধিকাংশ পুরস্কারের জন্যেই কিছু না কিছু এন্ট্রি ফি দিতে হয় বলে জানি, কিন্তু এই পুরস্কারের ক্ষেত্রে তাও নেই। এই পুরস্কারটি আমি পাবো কি না সেটি ভিন্ন কথা। কিন্তু

কমিটি যে আমার প্রকাশকের কাছে বইটি চেয়েছে সেটিই আমার জন্যে বড়ো পুরস্কার। বাংলা ভাষায় এই ঘটনা সাধারণত বিরল। ‘স্বতন্ত্র সনেট’ আমি বাংলায় লিখেছি, এবং এই বইয়ের তিনটি সংস্করণ প্রকাশিত হয়েছে ঢাকা থেকে। আমি প্রতিবছর ফেব্রুয়ারির বইমেলায় ঢাকাতে যাই, এবং এ-ও জানি যে মেলা মঞ্চ শত শত বক্তৃতার আয়োজন করা হয়। কিন্তু এই সনেট সম্পর্কে বলতে আমাকে কখনো ডাকা হবে বলে কর্তা ব্যক্তির স্বপ্নেও কল্পনা করেননি; কারণ আমি কোনোদিন কাউকে তোষামোদ করি না। তাছাড়া, ‘কবিতার ছন্দ’ নামে আজ থেকে ২১ বছর আগে এই একাডেমিই আমার বই প্রকাশ করেছে। এ বছর সেই বইয়ের তৃতীয় সংস্করণ প্রকাশ করেছে মাওলা ব্রাদার্স। সেদিন রাজেন্দ্র কলেজের প্রাক্তন প্রিন্সিপাল নিউইয়র্কে তাঁর বক্তব্যে জানালেন যে তিনি তাঁর ক্লাসে আমার এই বই পড়িয়েছেন। এবং আমি জানি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এই বই ব্যবহার করা হয়। এমনকি আমি রকমারি ডট কমে দেখেছি যে প্রয়োজনীয় বইয়ের তালিকায় এই বইটি এক নম্বরে রাখা হয়েছে। কিন্তু মেলা মঞ্চ থেকে আজ পর্যন্ত ছন্দ নিয়ে কোনো আলোচনায় আমাকে যুক্ত করা হয়নি। না, বন্ধুরা, আমি কোনো পুরস্কারের কথা বা মঞ্চ ওঠার স্বপ্নই ইচ্ছার কথা বলছি না। আমি আমাদের সামগ্রিক অধঃপতনের কথা বলছি। ‘স্বতন্ত্র সনেট’ যে ভাষায় অনুদিত হলো সেই ভাষার একটি সংস্কার পুরস্কার কমিটি বইটি চেয়ে নেয়; সেই ভাষার একটি বৃহৎ কবিতা উৎসব (ম্যাসাচুসেটস পোয়েট্রি ফেস্টিভল, ২০১৭) এই সনেট নিয়ে এর রচয়িতাকে সেমিনার পরিচালনায় ডাকে। কারণ, পৃথিবীর কোথাও কোথাও এখনো তোষামোদ ও পা-চাটার বাইরেও স্বাভাবিক সৃষ্টিশীলতা গুরুত্ব পায়।

[তথ্যসূত্র: বিশ্ব ক্যাটালগ ও ফেসবুক]

— হাসানআল আব্দুল্লাহ

## SHABDANEWS: শব্দসংবাদ

### গ্রীস কবিতা উৎসবে কবি হাসানআল আব্দুল্লাহ আমন্ত্রিত

আগামী (২০১৯) এপ্রিলে গ্রীসে অনুষ্ঠিতব্য কবিতা উৎসবে আমন্ত্রণ পেলেন শব্দগুচ্ছ সম্পাদক কবি হাসানআল আব্দুল্লাহ। সেন্ট্রাল গ্রীসের ইফিয়া প্রদেশের ডেপুটি গভর্নর অফিসিয়ালি কবিকে এই আমন্ত্রণপত্র পাঠিয়েছেন। এর আগে ইমেল যোগে প্রাথমিক ভাবে আমন্ত্রণ করেছিলেন আন্তর্জাতিক কবিতা উৎসবের সভাপতি, মারিয়া মিস্টারেলি। অনুষ্ঠান চলবে ৯ থেকে ১২ এপ্রিল। মূল থিম ‘বিশ্ব ভ্রাতৃত্বে কবিতার অবদান’। এথেনসের ঐতিহাসিক স্থানগুলো পরিদর্শনের ব্যবস্থা ছাড়াও, কবিতাপাঠ ও কবিতা নিয়ে নানা সেমিনারের আয়োজন করা হয়েছে বলে আমন্ত্রণ পত্রে উল্লেখ করেছেন মাননীয় ডেপুটি গভর্নর ফেনিস স্প্যানোস। অনুষ্ঠান স্পনসর করছে গ্রীসের সাংস্কৃতিক মন্ত্রণালয়। এর আগে কবি হাসানআল আব্দুল্লাহ ২০১৬ সালে চীনে আন্তর্জাতিক সিল্ক রোড কবিতা উৎসবে যোগ দেন এবং সে বছরই তাঁকে বিশ্ব কবিতায় বিশেষ অবদানের জন্যে ‘হোমার মেডেল’ পুরস্কারে ভূষিত করা হয়। বিশ্বের নানা দেশ থেকে প্রকাশিত আন্তর্জাতিক বেশ কয়েকটি অ্যাঙ্কোলজিতেও স্থান পেয়েছেন তিনি। তিনি সনেটের নতুন ধারার প্রবর্তক, তাছাড়া রচনা করেছেন মহাকাব্য ‘নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ’। সাহিত্যের বিভিন্ন শাখায় (বাংলা ও ইংরেজীতে) তাঁর প্রকাশিত গ্রন্থ সংখ্যা ৪০। গ্রীস কবিতা উৎসব উপলক্ষে তাঁর কবিতা গ্রীক ভাষায় অনুদিত হবে বলে আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে।

### আরো তিন বাঙালি কবির কবিতা অনুদিত হলো কোরিয়ান ভাষায়

কোরিয়ান ভাষায় অনুদিত হলো আরো তিন বাঙালি কবির কবিতা। এঁরা হলেন কামাল চৌধুরি, বায়তুল্লাহ কাদেরী ও নাজনীন সীমন। পাশাপাশি পাতায় ইংরেজী ও কোরিয়ান উভয় ভাষায় এই তিন কবির কবিতা স্থান পেয়েছে ‘কোরিয়ান এক্সপেটিয়েট লিটরেচার’ পত্রিকায়। এর আগে বাংলা থেকে ইংরেজীতে কামাল চৌধুরী ও বায়তুল্লাহ কাদেরীর কবিতা অনুবাদ করেন হাসানআল আব্দুল্লাহ। তবে, নাজনীন সীমনের কবিতা সরাসরি ইংরেজীতে লেখা। কোরিয়ান ভাষায় অনুবাদ করেছেন কবি ও অধ্যাপক রেচল রে। কবি কামাল চৌধুরীর কবিতার শিরোনাম ‘এ স্টোরি দ্যাট স্ট্যান্ডস’, কবি বায়তুল্লাহ কাদেরীর কবিতার শিরোনাম ‘লর্ড’ ও ‘ডিসেম্বর’, এবং কবি নাজনীন সীমনের কবিতার শিরোনাম হলো ‘রিভেঞ্জ’। পত্রিকায় কবিদের ছবি ও সংক্ষিপ্ত পরিচিতিও স্থান পেয়েছে। জানুয়ারি ২০১৯ সংখ্যায় বাংলাদেশ ছাড়াও আন্তর্জাতিক বিভাগে আছে আমেরিকা, বুলগেরিয়া, কানাডা, চীন, ডোমেনিকান রিপাবলিক, ভারত, ইজরায়েল, পেরু ও সিসিলির কবিতা। আন্তর্জাতিক বিভাগের সমন্বয়কারী কবি স্ট্যানলি এইচ বারকান জানান, পত্রিকাটির পিডিএফ ভার্সন ইতিমধ্যেই ইমেল কবিদের কাছে পাঠিয়ে দেয়া হয়েছে এবং অল্প দিনের মধ্যেই ডাকযোগে পত্রিকা পাঠানো হবে। উল্লেখ্য ‘শব্দগুচ্ছ’ কবিতা পত্রিকার মূল স্লোগান ‘বাংলা কবিতার বিশ্বায়ন’ পর্যায়ে এর আগে কোরিয়ান ভাষায় অনুদিত হয়েছে নির্মলেন্দু গুণ, জ্যোতির্ময় দত্ত, ও হাসানআল আব্দুল্লাহ’র কবিতা। তবে এডিটরস চয়েজে দু’বার অনুদিত হয়েছেন জ্যোতির্ময় দত্ত ও নাজনীন সীমন। ২০১৫ সালে এই পত্রিকা থেকে কবিতা সংগ্রহ করে নির্মলেন্দু গুণ, জ্যোতির্ময় দত্ত ও নাজনীন সীমনের কবিতা রোমানিয়ান

ভাষায় অনুবাদ করে সে দেশের পত্রিকায় ছাপেন কবি ইয়োকোড অলিম্পিয়া। উল্লেখ্য, ‘কোরিয়ান এক্সপেটিয়েট লিটারেচার’ পত্রিকার অন্তর্জাতিক বিভাগে বাংলা ভাষার সমন্বয়ক হিসেবে ‘শব্দগুচ্ছ’ সম্পাদক কবি হাসানআল আব্দুল্লাহ ২০১৩ সাল থেকে যুক্ত আছেন।

### কবির জন্মদিন

১৬ই ডিসেম্বর ছিলো নিউইয়র্কে বসবাসরত নব্বইয়ের দশকের উল্লেখযোগ্য কবি নাজনীন সীমেনের জন্মদিন। তিনি একাধারে কবি, গল্পকার, প্রাবন্ধিক ও শিক্ষক। ইডেন কলেজ থেকে ব্যাচেলর ডিগ্রী করার পর নব্বইয়ের দশকের শেষ দিকে তিনি নিউইয়র্কে পাড়ি জমান। সেখানে অবস্থিত সিটি ইউনিভার্সিটি অব নিউইয়র্কের অধীনে কুইন্স কলেজ থেকে ইংরেজী সাহিত্যে পুনরায় ব্যাচেলর ও মাস্টার ডিগ্রী লাভ করেন। নিউইয়র্ক ডিপার্টমেন্ট অব এজুকেশনের অধীনে হাইস্কুল সিস্টেমে তিনি প্রায় একযুগ ধরে ইংরেজীর শিক্ষক হিসেবে কর্মরত। তিনি স্থানীয় ঘাতক দালাল নির্মূল কমিটির সহ-সভাপতি। গদ্য-পদ্য মিলে তাঁর প্রকাশিত গ্রন্থ সংখ্যা সাত। “প্রতত রক্তাক্ত চিত্কার (গল্প)”, “একটি বিড়াল ও আমার দুঃখ (কবিতা)”, “বিশেষণের বিশেষ বাড়ি (কবিতা)” ও “অস্তিত্বের সংকট (প্রবন্ধ)” তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ। তাঁর কবিতা অনূদিত হয়েছে ইংরেজী, রোমানিয়ান ও কোরিয়ান ভাষায়। ‘হলোনেস অন দ্যা হরাইজন’ নামে ইংরেজীতে অনূদিত কবিতাগ্রন্থ প্রকাশ করেছে নিউইয়র্কের প্রকাশনা সংস্থা ফেরল প্রেস। লং আইল্যান্ড ইউনিভার্সিটি, ইয়েল ক্লাব, গ্রানীজ ভিলেজ, ও ম্যাসাসুসেটস পোয়েটিক ফেস্টিভাল সহ নানা মার্কিন ভ্যানুতে তিনি আমন্ত্রিত কবি হিসেবে কবিতা পড়েছেন। ২০০৭ সালে তিনি উত্তরাধুনিক কবিতায় শব্দগুচ্ছ কবিতা পুরস্কারে ভূষিত হন। কবি নাজনীন সীমেনের জন্মদিনে ‘শব্দগুচ্ছ’র পক্ষ থেকে একরশ শুভেচ্ছা। শুভ জন্মদিন কবি!

### ভিলেজে কবিতা পড়লেন বাঙালী কবিদম্পতি

কবি হাসানআল আব্দুল্লাহ ও কবি নাজনীন সীমন রোববার ২৪ জুন, ২০১৮ গ্রীনিজ ভিলেজে ফিচার পোয়েট হিসেবে কবিতা পড়েন। ফিনিক্স রিডিং সিরিজের এই অনুষ্ঠানে উভয় কবি আগেও আমন্ত্রিত হয়ে কবিতা পড়েছেন। শুরুতে কিছু উন্মুক্ত কবিতাপাঠের পর উপস্থাপক নেপালী কবি ইয়ুটসু শার্মা কবি হাসানআল আব্দুল্লাহকে পরিচয় করিয়ে দেন। তিনি বলেন, হাসানআল শুধু একজন কবিই নন, শব্দগুচ্ছ নামের একটি দ্বিভাষিক কবিতা পত্রিকা সম্পাদনার মাধ্যমে তিনি ইতিমধ্যেই আন্তর্জাতিক মহলে বেশ পরিচিত হয়ে উঠেছেন। ২০১৬ সালে চীন কবিতা উৎসবে আমন্ত্রিত অতিথি হয়ে যোগ দেয়া ছাড়াও তিনি একই সালে ইয়োরোপের সম্মানজনক কবিতা পুরস্কার হোমার মেডেল অর্জন করেন। কবি হাসানআল আব্দুল্লাহ, তাঁর প্রকাশিত তিনখানা অনুবাদ গ্রন্থ থেকে বেশ কিছু কবিতা পড়ে শোনান। উপস্থাপকের অনুরোধে তিনি একটি সনেট বাংলাও উপস্থাপন করেন। তাছাড়া আসরে উপস্থিত কবিপুত্র একক সৌবিরের অনুবাদেও তিনি দু’টি নতুন কবিতা পড়েন। অন্যদিকে কবি নাজনীন সীমনকে পরিচয় করিয়ে দেন অনুষ্ঠানের আয়োজক কবি-অধ্যাপক মাইকেল গ্রেভস। তিনি বলেন সীমন আগেও এই আসরে কবিতা পড়েছেন, তাঁর ধীমান উচ্চারণ আগের মতো আজও আমাদের মুগ্ধ করবে বলে বিশ্বাস করি। সীমন তাঁর অনুবাদ গ্রন্থ “হলোনেস অন দ্যা হরাইজন” থেকে একে একে বেশ কয়েকটি কবিতা পড়ার পর, মূল ইংরেজীতে লেখা অনেকগুলো কবিতা পড়ে উপস্থিত কবিদের সত্যিই মুগ্ধ করেন। উভয়

কবির কবিতায়ই বাংলাদেশ, স্বাধীনতা যুদ্ধ, পৃথিবীর দেশে দেশে দরীদ্র নিপীড়িত মানুষের সংগ্রাম, জাপানের আণবিক বোমা নিক্ষেপ, কসভো-আফগানিস্তান-ইরাকে রাষ্ট্রীয় সন্ত্রাস ইত্যাদি নানা বিষয় উঠে আসে। এক প্রশ্নের জাবাবে হাসানআল আব্দুল্লাহ বলেন, শুধু বাংলাদেশেই দারিদ্র মাথা গুঁজে বসে নেই, এই নিউইয়র্ক শহরে আমাদের চোখের আড়ালে অসংখ্য মানুষ, এমনকি শিশুরাও অন্যের করুণায় বেড়ে উঠছে, যাদের দু’বেলা খাবার ও রাত্রি বাসের স্থান এখনও নির্দিষ্ট নয়। উল্লেখ্য উভয় কবিই নিউইয়র্কের হাইস্কুলের যথাক্রমে গণিত ও ইংরেজীর শিক্ষক। হাসানআল আব্দুল্লাহর প্রকাশিত বইয়ের সংখ্যা ৪০ অন্যদিকে নাজনীন সীমনের প্রকাশিত বইয়ের সংখ্যা ৬। আসরে উন্মুক্ত কাব্যপাঠে তিনটি করে কবিতা পড়ে শোনান ইয়ুটসু শার্মা, মাইক গ্রেভস, ইউজিন লিন, অটিস বার্গারসহ প্রায় ১০/১২ জন স্থানীয় কবি। ভিলেজের বেথুন স্ট্রিটের এই আয়োজনের হোস্ট ছিলেন কবি অটিস বার্গার। অনুষ্ঠান চলে সন্ধ্যা ছয়টা থেকে সাড়ে আটটা পর্যন্ত।

### ইয়েল ক্লাব কবিতাপাঠ

১৯ অক্টোবর, ২০১৬ ইংরেজি, বাংলা, রাশিয়ান, সিসিলিয়ান ও স্প্যানিশ মোট পাঁচ ভাষায় কবিতা পাঠের ভেতর দিয়ে শুরুবার হয়ে গেলো নবম (নবপর্যায়) ইয়েলক্লাব কবিতা পাঠের আসর। মার্কিন কবি ও প্রকাশক স্ট্যানলি এইচ বারকানের সঞ্চালনায় ম্যানহাটনে অবস্থিত ইয়েল ক্লাবের ১৭ তলার কনফারেন্স রুমে এ আসর শুরু হয় সন্ধ্যা সাড়ে ছয়টায়। আসরে কবিতা পড়তে কানাডা থেকে এসেছিলেন কবি রজার গ্রিনঅল্ড, কলোরডো থেকে এসেছিলেন মার্কিন ঔপন্যাসিক পল লেভিট, নিউইয়র্কে বসবাসরত সিসিলিয়ান ও রাশিয়ান ভাষার কবি যথাক্রমে টিনো প্রভেঞ্জেনো ও ভিক্টোরিয়া নভোকভ, মার্কিন কবি বিল ওয়ালেক ও বাংলা ভাষার প্রতিনিধি হিসেবে ছিলাম আমি, হাসানআল আব্দুল্লাহ। অনুষ্ঠানের বিশেষত্ব, প্রত্যেক আমন্ত্রিত কবির পরিচিতি ও ছবি দিয়ে আলাদা ফ্লায়ার। কবিতা পাঠের আগে সকলের হাতে সেটি ধরিয়ে দেয়ার পর, উপস্থাপক কবির লিখিত পরিচিতি পড়ে শুনিয়া কবিতা পড়তে আমন্ত্রণ জানান। ইংরেজি বর্ণমালার প্রথম অক্ষর দিয়ে নাম শুরু হওয়ার কারণে প্রথমেই আমার ডাক পড়ে। কবিতা পাঠ শেষ করি বাংলায় একটি কবিতা পড়ার ভেতর দিয়ে। অন্যরাও নিজের ভাষায় এভাবেই অন্তত একটি করে কবিতা পড়েন। আসরের হোস্ট বিশিষ্ট পদার্থবিদ সুলতান ক্যাটোও এই আসরে কবিতা পড়ে শোনান। পল লেভিট পড়েন তাঁর নতুন উপন্যাসের অংশ বিশেষ। নিউইংল্যান্ডে বসবাসরত হিন্দিভাষার কবি ও অনুবাদক শ্রীনিবাস রেড্ডি ও বিখ্যাত স্প্যানিশ কবি ইসাক গোল্ডেমবার্গ অসুস্থতার কারণে উপস্থিত না থাকতে পারায় তাঁদের একটি করে কবিতা পড়ে শোনান বিল ওয়ালেক ও স্ট্যানলি বারকান। আর স্ট্যানলির কবিতা স্প্যানিশ অনুবাদে পড়েন মারিয়া বেনেট। উল্লেখযোগ্য সংখ্যক দর্শকের উপস্থিতিতে অনুষ্ঠান চলে সাড়ে নয়টা পর্যন্ত। মার্ক পলিয়াকোভ ছিলেন এই কাব্যপাঠের আনুষ্ঠানিক ফটোগ্রাফার।

## LETTERS TO THE EDITOR:

1. Dear Hassanal: I admire your intelligence both in advanced mathematics and powerful poetry! ...Your advanced mathematics seems to be making your impressive poetry!

**Naoshi Koriyama**, Tokyo  
12.26, 2017

2.  
Hassanal, I know you said you were leaving for Bangladesh, but I thought if I remember right, it was in February. Last time we met at Yale Club without you, I think you had to go to some event.

The next session of Yale Poets is on January 19, third Friday of the month. Hopefully both you guys will read some poems that day. Stanley is preparing flyers for it.

Between now and the year's end I have to finish two long physics papers, so I'll be busy with them, plus entertaining an old student visiting from California....

With dear friends like you guys I think I will become a full time poet when the new year arrives!

Much love to both of you and a tender hug!!

**Sultan Catto**, Jew Jersey  
12.26, 2017

3. Dear Hassanal,

I am so honored and most grateful for this Award, especially when I know the work you do for poets and poetry around the world. Many thanks, my friend.

**Peter Thabit Jones**, Welse  
12.17. 2017

4. নববর্ষ ও জন্মদিনের আগাম শুভেচ্ছা, Hassan (Hassanal Abdullah)! Next year I hope to be there, with enough advance planning. At the moment I am at the Orcas Island Lit Fest. অনেক প্রীতি আর শুভেচ্ছা!

**Carolyn Wright**, Washington  
04.14.2018

5.  
Hi,

It was nice meeting you, thank you for stopping by and chatting at the poetry festival! Thank you also for getting a copy of *This Love is Like the Gitmo: Poems from My Spirit*. I hope you enjoy it and please consider writing a review on amazon. I have included a direct link below. If you follow that link and scroll down, you will see where it says customer review and it will let you write a review or add a comment.

Hope you had a safe journey. And if you have other presentations here in Massachusetts, let us know! I have read some of the poems in the magazine and have found them very inspiring. Thanking you for the copy! Take care,

**Denise Moyo**, Massachusetts  
05.09.2018

6. I met you on Saturday afternoon quite late in the day at the vendor table of the Poet from Zimbabwe, who is the social worker...and you bought her book about grief or prisons of the mind. My name is Samantha Jane, I was not able to attend the conference as a whole, but I am a poet. Standing there I wanted to converse with you at length for some reason, but I was not sure about what. I have found your biography. I am interested in the form you created, however it was like this, "Human Beings and the Universe and how life is connected to the outer space using almost all the major scientific theories and evolutionary understanding" that made me understand why I "knew" you. I have been in my own way learning these things (or perhaps... remembering them;).

I look forward to reading your book! and to writing some new Swatantra Sonnets.

I wish you love and blessings,

**Samantha Jane**, Boston  
05.07.2018

৭.  
অভিনন্দন। শব্দগুচ্ছর সকল গুণীজনকে। আমি স্নিগ্ধসত্তা সুলেখা। আপনাদের শব্দগুচ্ছর গাঁথুনি আমাকে ভীষণ ভাবে আপ্ত করেছ, কবি ও কবিতায় মুগ্ধ হলাম বার বার। তাই এই মোবাইল পত্র পাঠালাম। যদি সম্ভব হয় আমি আপনাদের পত্রিকার একজন সক্রিয় সদস্য হতে চাই। আশা করি অবশ্যই এই ইচ্ছেটুকু পূর্ণতা পাবে। ভালো থাকবেন সকলে। ধন্যবাদ।

**সুলেখা সরকার**, কলকাতা  
১২.১২.২০১৭

৮. প্রিয় হাসানআল ভাই:

আশা করি ভালো আছেন। আমার স্মৃতিকথা *ঘটিকাহিনি* আপনার কি পড়ার সময় হয়েছে? আপনার কাছ থেকে একটা রিভিউ আপনার পত্রিকায় বেরোলে আমার খুব উপকার হতো। আমার নতুন বই *Music Box and Moonshine* সম্প্রতি বেরিয়েছে। এ বইতে আমি ১৮টি বাংলা ছোটগল্পের অনুবাদ করেছি। রবীন্দ্রনাথ থেকে বিভূতিভূষণ, মুজতবা আলি থেকে সুনীল গাঙ্গুলি হয়ে বিমল কর। আপনাকে পাঠাতে চাই। জানাবেন কোথায় পাঠাবো। আমাদের পরবর্তী প্রজন্মের কথা ভেবে এ বই লেখা। আপনি এবং সীমন এর গুরুত্ব বুঝতে পারবেন।

আর একটা রিকোয়েস্ট। আমার একটা কবিতা আপনার পত্রিকায় কয়েক বছর আগে বেরিয়েছিল। “রেডিওতে গান বেজেছিল...রাস্তায় নেমেছিল উদ্বেলিত জনতার ঢল।”...ইত্যাদি। কবিতার নাম বোধহয় ছিল “শুধু স্বপ্ন নিয়ে খেলা চলেছে।” আমার কাছে কবিতাটি নেই। আপনি কি আমাকে একটা ফটোকপি করে পাঠিয়ে দিতে পারবেন? কৃতজ্ঞ থাকবো। যোগাযোগ রাখলে খুশি হবো। কথা বলার লোক এদেশে বেশি নেই। শুভেচ্ছা জানবেন।

ড. পার্থ ব্যানার্জী, ক্রকলিন

০৪.০৩.২০১৮

৯. প্রিয় কবিজনেষু,

আপনি আমার কিছু সনেট পড়ার আগ্রহ জানিয়েছিলেন। আমার ‘১০০ সনেটের অ্যালবাম’ ও ‘সনেট ৫০’ গ্রন্থ দুটি থেকে কয়েকটি সনেট পাঠালাম। আপনার মতামত জানার অপেক্ষায় শ্রদ্ধা ও শুভেচ্ছাসহ


সোমনাথ রায়, কলকাতা

০৩.২০.২০১৮

১০. শ্রদ্ধেয় হাসানআলদা, আন্তরিক শ্রদ্ধাসহ নামস্কার জানাই। আপনার সাথে দেখা করার তীব্র আকাঙ্ক্ষা থাকল, হয়তো বা যেস সুযোগ হবে না। শব্দদাকে নিয়ে বেশ কষ্ট করে সংখ্যাটা করেছি। কবি পত্নীসহ কবি শব্দ রক্ষিকে বিশেষ সম্মাননা, আর্থিক অনুদান, উপহার, মানপত্র কবিপত্নী এবং শব্দদার হাতে তুলে দেওয়ায় আমি ভীষণভাবে গর্বিত। শব্দদাও খুব আনন্দ পেয়েছেন। আর যা শব্দদার জন্য করেছি সংখ্যাটা পড়লে বোঝা যাবে। কলকাতা থেকে আগত অতিথিবৃন্দ সকলেই উচ্ছসিত প্রশংসা করেছেন তিত্তীকুরি। একটা কপি পাঠালাম। জ্যোতির্ময় বাবুর ঠিকানা না জানার জন্য পাঠানো সম্ভব হল না। গ্রীষ্ম সংখ্যাতে আপনার শব্দগুচ্ছ-র একটা বিজ্ঞাপন রয়েছে। সংখ্যাগুলি কেমন হয়েছে মতামত জানালে বাধিত হব। জ্যোতির্ময় ববুকে আমার আন্তরিক শ্রদ্ধা ও নমস্কার। আপনি পরিবার সহ সুস্থ থাকুন। দু’টি কবিতা ও একটি প্রবন্ধ পাঠালাম। মনোনীত হলে, জানালে বাধিত হব। শেষ করলাম। আপনার গুণমুগ্ধ।

চন্দন দাস পূর্ব মেদিনীপুর

২০১৭




২০১৯ বইমেলায়  
কবি ও বহুমাত্রিক লেখক  
হাসানআল আব্দুল্লাহর  
বই

১. *কবিতাসমগ্র* (১ম খণ্ড), অনন্যা

২. *কবিতার স্বদেশ বিদেশ* (প্রবন্ধ),  
পুথিনিলায়

আপনার কপিটি সংগ্রহ করুন!



A bilingual collection of  
Hassanal Abdullah's Sonnets:

**Swatantra Sonnets**  
Bengali with English translation  
by the Author

Published by Feral Press and Cross-  
Cultural Communicatios, NY


ISBN 978-0-98304-594-4

\$15.00

Please order your copy from  
amazon.com

শব্দগুচ্ছ সুদৃশ্য, সুপাঠ্য, সুসম্পাদিত

—শিবনারায়ণ রায়



## অনুভূতি

সম্পাদক: রনি অধিকারী

শিল্প সাহিত্যের এই ত্রৈমাসিক  
পত্রিকাটির প্রকাশ করেছে  
হাসানআল আব্দুল্লাহ সংখ্যা

মুঠোফোন: ০১৭১২-০২৪৬৫৫  
roni\_adhikari@yahoo.com

দ্বিতীয় ও বর্ধিত সংস্করণ  
২০১৭

মানুষ ও মহাবিশ্বের চলমানতা নিয়ে  
বিজ্ঞানের আলোকে


কবি হাসানআল আব্দুল্লাহ  
রচিত

মহাকাব্য  
নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ

দ্বিতীয় সংস্করণ

প্রচ্ছদ: প্রব এষ  
পৃষ্ঠা: ৩০৪

প্রকাশক: অনন্যা



নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ  
হাসানআল আব্দুল্লাহ

প্রথম প্রকাশ ২০০৭

রবীন্দ্রনাথ মহাকাব্যে যে গিট  
লাগিয়ে দিয়েছিলেন, তুমি তা খুলে  
দিয়েছো।

—আল মাহমুদ



Naznin Seamon's  
new book of poetry

**Hollowness on the Horizon**


Translated from the Bengali  
by Hassanal Abdullah

Published by  
Feral Press  
Oyster Bay, NY

Collages: John Digby

Collect Your Copy!

[www.pp-pub.com](http://www.pp-pub.com)



মহাপৃথিবী


শিল্প রক্ষিত সম্পাদিত ত্রৈমাসিক এই কবিতার  
কাগজটি প্রকাশিত হচ্ছে ৪২ বছর ধরে

কবিতা পাঠানোর ঠিকানা:

Mahaprithivi  
Birinchiberia, Purba Sreekrishnapur,  
Purba Midnapore 721635, W. B., INDIA

হাসানআল আব্দুল্লাহ নব্বই দশকের প্রধান কবি।

—শহীদ কাদরী



দশ খণ্ডে প্রকাশিত হয়েছে

কবি নির্মলেন্দু গুণ  
রচনাবলি

আপনার কপি সংগ্রহ করুন

কাকলী প্রকাশনী, ঢাকা

## CONTRIBUTORS

### Poetry in English and Translation

Buddhadeva Bose (1908-1974)

Stanley H. Barkan Dariusz Tomasz Lebioda Sultan Catto  
Catherine Fletcher Naznin Seamon David Lawton  
Bishnupada Ray Ellen Lytle Richard Jeffry Newman  
Roni Adhikari Dhanonjoy C Saha  
Howard Pflanzler Maki Starfield  
Natasha R Clarke Amirah Al Wassif  
John Smelcer Hassanal Abdullah Ekok Soubir

### Poetry in Bengali

Hadiul Islam Suman Dhara Sharma Mahbub Mitra  
Mohammad Jasim

### Letters to the Editor

Naoshi Koriyama Carolyne Wright Sultan Catto  
Peter Thabit Jones Samantha Jane Denise Moyo  
Chandan Das Partha Banerjee Sulekha Sarkar Somnath Ray

### Cover Art

Thaira Almayahy Husen

**Shabdaguchha Press**

Woodhaven, New York

ISSN 1531-2038